

ব্র্যাক মেধাবিকাশ উদ্যোগ

এসএসসি উত্তীর্ণ সুবিধাবঞ্চিত মেধাবী ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি

ব্র্যাক ২০০৫ সাল থেকে শিক্ষা কর্মসূচির মেধাবিকাশ উদ্যোগের আওতায় অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত মেধাবী ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা গ্রহণের পথ সুগম করার জন্য এইচএসসি পর্যায়ে বৃত্তি প্রদান করে আসছে। ২০১৪ সালের এসএসসি উত্তীর্ণ শিক্ষার্থীদের কাছ থেকে বৃত্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে।

কেন ব্র্যাকের বৃত্তির জন্য আবেদন করবে?

ব্র্যাক শুধু বৃত্তির অর্থই প্রদান করে না বরং একজন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম সফল করার জন্য ইংরেজি ও কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ, নিয়মিত পর্যালোচনাসভার আয়োজন ও নিবিড় তত্ত্বাবধানের ব্যবস্থা করে থাকে। এ ছাড়া এইচএসসি পরীক্ষাপরবর্তী সময়ে প্রাক বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়তা ও স্নাতক পর্যায়ে বৃত্তির ব্যবস্থা করে।

আবেদনের শর্তাবলি

- বাবা/পরিবারের প্রধান শ্রমজীবী ও অনূর্ধ্ব ৫০ শতাংশ আবাদি জমির মালিক।
- শুধু ২০১৪ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত (চতুর্থ বিষয় ব্যতীত)।
- ব্র্যাক প্রাথমিক বিদ্যালয় থেকে কোর্স সমাপনকারী এবং মেয়ে, আদিবাসী ও শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৫ (চতুর্থ বিষয়সহ) পেতে হবে।

আবেদনের নিয়মাবলি

আবেদনকারীর জীবনবৃত্তান্ত, সংশ্লিষ্ট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র, এসএসসি পরীক্ষার মার্কশিটের ফটোকপি, এক কপি পাসপোর্ট সাইজের ফটো এবং বাবা/পরিবারপ্রধানের পেশা ও যোগাযোগের জন্য মোবাইল নম্বর উল্লেখসহ আবেদনপত্র অবশ্যই ০৫ জুন, ২০১৪ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় পাঠাতে হবে।

ব্র্যাকের স্থানীয় অফিস কর্তৃক আবেদনকারীর পরিবারপ্রধানের পেশা যাচাই করা হবে। কেবল বাছাইকৃত প্রার্থীদের সঙ্গে যোগাযোগ করা হবে। উল্লেখ্য, তথ্যে কোনরকম গরমিল থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্র পাঠানোর ঠিকানা

মেধাবিকাশ উদ্যোগ

ব্র্যাক শিক্ষা কর্মসূচি, ব্র্যাক সেন্টার (১০ তলা)

৭৫ মহাখালী, ঢাকা ১২১২

Phone: 9881265, Ext.3433, 3410

<http://e-education.brac.net>

www.brac.net

www.AllResultBD.com